


তারিখ: ২৮ এপ্রিল, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৮/০৪/২০২৬ তারিখ রোজ মঙলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব সিরাজুম মুনীরা কায়ছান এর নেতৃত্বে "স্ল বিস্ট্রো" ১৮৭-১৮৮/বি, তেজগাঁও গুলশান লিংকরোড, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত প্রতিষ্ঠানটির রান্নাঘর যথেষ্ট পরিষ্কার-পরিচ্ছন্ন পাওয়া গেলেও বেশকিছু খাদ্যোপকরণে বিশ্রাস্তিকর লেবেল সংযোজনপূর্বক সংরক্ষণ করতে দেখা যায়; আমদানিকারকের তথ্য সংবলিত নয় এমন খাদ্যোপকরণ (ম্যাপল সিরাপ ও সস) সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও রেস্তোরাঁ নিবন্ধন সনদ, খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, প্রিমিসেস লাইসেন্স ও পেস্ট কন্ট্রোল প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপকের বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্পলায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



বি. এম. রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।